AFC

ADVOCATES FOR CHILDREN

(অ্যাডভোকেটস্ ফর চিল্ড্রেন)

151 W. 30TH ST., 5TH FLOOR
NEW YORK, NY 10001

ফোন: (212) 947-9779 ফ্যাক্স: (212) 947-9790

WWW.ADVOCATESFORCHILDREN.ORG

হেল্পলাইন: সোম–বৃহস্পতিবার সকাল ১০টা–বিকাল ৪টা

1-866-427-6033

আপনার অধিকারগুলো জানুন

নিউ ইয়র্ক সিটির সরকারি স্কুলগুলোতে অভিবাসী শিক্ষার্থী ও পিতামাতাদের আইনগত অধিকার সম্পর্কিত নির্দেশিকা



অ্যাডভোকেটস্ ফর চিল্ড্রেন

অভিবাসী শিক্ষার্থীদের অধিকার প্রকল্প

151 W. 30TH ST., 5TH FLOOR
NEW YORK, NY 10001
ফোন: (212) 947-9779 ফ্যাক্স: (212) 947-9790
WWW.ADVOCATESFORCHILDREN.ORG
হেল্পলাইন: সোম–বৃহস্পতিবার সকাল ১০টা–বিকাল ৪টা
1-866-427-6033

কপিরাইট © ২০০৮

I. স্কুলে ভর্তি হওয়া

কোন বয়সে একটি শিশু স্কুলে যেতে পারে?
হাই স্কুল থেকে উত্তীর্ণ না হওয়া পর্যন্ত ৫ থেকে ২১ বছর বয়সী প্রতিটি শিশুর সরকারি স্কুলে পড়ার অধিকার রয়েছে। নিউ ইয়র্ক স্টেটে, ৪ বছর বয়সীরাও সর্বজনীন প্রিস্কুলের জন্য যোগ্য এবং এমনকি ৩ বছর বয়সের শিশুরা সাধারণ শিক্ষা পরিষেবার জন্য যোগ্য হতে পারে যদি কর্মসূচিগুলোতে আসন খালি থাকে।

স্কুলে কিন্ডারগার্ডেন শ্রেণিতে প্রবেশকারী একটি শিশুর বয়স সেই বছর ডিসেম্বরের ৩১ তারিখের আগে অবশ্যই ৫ বছর হতে হবে। একটি যোগ্য শিশুকে আসনের অভাবে কিন্ডারগার্ডেন থেকে ফিরিয়ে দেয়া যাবে না অথবা অপেক্ষমান তালিকায় রাখা যাবে না। সেইসাথে, শুধুমাত্র বয়স বা আগের সীমিত শিক্ষার কারণে একজন কিশোর-কিশোরীকে হাই স্কুল থেকে ফিরিয়ে দেয়া যাবে না অথবা একটি জিইডি (জেনারেল ইকুইভ্যালেন্সি ডিপ্লোমা, সাধারণ সমানুপাতিক ডিপ্লোমা) কর্মসূচিতে পাঠানো যাবে না। সরকারি স্কুলে ভর্তির জন্য আবেদনকারী ৫ থেকে ২১ বছর বয়সী সকল শিশুকে অবশ্যই অবিলম্বে ভর্তি করতে হবে এবং ৫ স্কুল দিবসের মধ্যে একটি যথাযথ কর্মসূচিতে স্থান দিতে হবে।

অভিবাসনগত অবস্থা কোনো বিষয় নয়
শিশুর বা শিশুর পরিবারের সদস্যদের অভিবাসনগত অবস্থা যাই হোক না কেন, অভিবাসী শিক্ষার্থীদের স্কুলে পড়ার অধিকার রয়েছে। স্কুলের কেউ শিশুর বা শিশুর পরিবারের অভিবাসনগত অবস্থা সম্পর্কে কিছু জিজ্ঞাসা করতে পারবে না। যদিও স্কুলের কোনো কোনো ফরম সোস্যাল সিকুরিটি নম্বর জানতে চায়, পিতামাতা ও শিক্ষার্থীরা এই তথ্য দিতে বাধ্য নন। শিক্ষার্থীরা স্কুলের সবগুলো পরিষেবা পাওয়ার যোগ্য, এর মধ্যে রয়েছে বিনামূল্যে লাঞ্চ, বিনামূল্যে সকালের নাস্তা, পরিবহন, ও শিক্ষা পরিষেবাসমূহ, এমনকি যদি তাদের বা তাদের পরিবারের কোনো কাগজপত্র অথবা সোস্যাল সিকুরিটি নম্বর নাও থাকে।

কীভাবে একজন নতুন শিক্ষার্থীকে ভর্তি করা হয় ও স্থান দেয়া হয়?
এলিমেন্টারি বা মিডল স্কুলে প্রবেশকারী শিক্ষার্থীদের পিতামাতারা তাদের জোনভুক্ত স্কুলের সাথে যোগাযোগ করতে হবে। হাই স্কুলে প্রবেশকারী শিক্ষার্থীদের পিতামাতাদের উপযুক্ত আসন খুঁজে পাওয়া সম্পর্কিত আরো তথ্যের জন্য অথবা হাই স্কুলে আবেদন করার জন্য তাদের বসবাসের বরোর ভর্তি অফিসে যোগাযোগ করতে হবে। ভর্তি অফিসের সাথে যোগাযোগের তথ্য ডিওই (ডিপার্টমেন্ট অব এডুকেশন)-এর ওয়েবসাইটে এবং এই পুস্তিকার পিছনে ১৮ নম্বর পৃষ্ঠায় পাওয়া যাবে।

নিউ ইয়র্ক সিটির সরকারি স্কুলে পড়ার যোগ্য হতে হলে একজন শিক্ষার্থীকে অবশ্যই নিউ ইয়র্ক সিটি (এনওয়াইসি)-তে বসবাস করতে হবে। স্কুলে ভর্তির জন্য পিতামাতা ও শিশুকে অবশ্যই একত্রে ভর্তি অফিসে যেতে হবে এবং সাথে করে নিতে হবে:

(১) **বাড়ির ঠিকানার প্রমাণ:** শিশুটি নিউ ইয়র্ক সিটিতে "বসবাস করে," বা থাকে তা দেখানোর জন্য আবশ্যক। সাধারণত, একটি আবাসিক সেবার বিল (গ্যাস, বিদ্যুৎ বা পানি), একটি লিজ, সরকারি কোনো সংস্থার চিঠি ও করের উদ্দেশ্যে ব্যবহৃত চাকুরির কাগজপত্র গ্রহণ করা হয়। টেলিফোন বিল, কেবল বিল, ক্রেডিট কার্ড বিল, মেডিকেল

ইএলএল মেনে চলা ও কার্যসম্পাদনা বিশেষজ্ঞ:
স্কুলগুলোর জন্য ইএলএল সাধারণ ও বিশেষায়িত পরিষেবাগুলো সময়ানুগ, দক্ষ ও কার্যকর রয়েছে তা নিশ্চিত করার জন্য এই সকল ব্যক্তিবর্গ কাজ করে থাকেন। আপনার সন্তানের স্কুলের ইএলএল সংশ্লিষ্ট সমস্যাগুলো সম্পর্কে রিপোর্ট করার জন্য আপনি তাদের সাথে যোগাযোগ করতে পারেন।

নাম	ফোন নম্বর	ঠিকানা	ডিস্ট্রিক্ট
Maria Broughton Evelyn Ilg	212-356-7522 212-356-3731	333 7th Avenue New York, NY 10011	1,4 2
Enid Serrano Martha Frans	212-356-7519 212-356-7522	333 7th Avenue New York, NY 10011	3 5,6
Rosita Costas Marie Rouseau	718-329-8137 718-329-8136	1 Fordham Plaza Bronx, NY 10468	7,8 9
Martha Beras Olga Mejia-Glenn	718-329-8111 718-741-7862	1 Fordham Plaza Bronx, NY 10468	10 11,12
Yvonne Morales	718-935-5963	131 Livingston Street Brooklyn, NY 11201	13,14, 15,16
Christine Etienne	718-420-1438 718-968-6145	715 Ocean Terrace Staten Island, NY 10301	17,18
Tatyana Ulubabova	718-935-5927	131 Livingston Street Brooklyn, NY 11201	19,23, 32
Jose De La Cruz	718-420-5618	715 Ocean Terrace Staten Island, NY 10301	20,21, 22
Olga DeFilippis	718-391-6808	28-11 Queens Plaza North Long Island City, NY 11101	24,26
Gary Goldenback	718-281-3426	30-48 Linden Place Queens, NY 11354	25,28
Betty Ortiz	718-391-8036	28-11 Queens Plaza North Long Island City, NY 11101	27,30
Wladimir Pierre	718-281-7501	30-48 Linden Place Queens, NY 11354	29,30
Nilda Kraft	718-420-5721	715 Ocean Terrace Staten Island, NY 10301	31
Larisa Kabbaj	212-802-1624	400 First Avenue New York, NY 10011	75

ডিওই-এর বিভাগগুলো ও কর্মীদের একটি পূর্ণাঙ্গ তালিকার জন্য, www.schools.nyc.gov দেখুন

ডিস্ট্রিক্ট	ফোন নম্বর: ডিস্ট্রিক্ট ফ্যামিলি অ্যাডভোকেট	ঠিকানা: ডিস্ট্রিক্ট ফ্যামিলি অ্যাডভোকেট
25	718-281-7625	30-48 Linden Place 2nd Fl., Flushing,, NY 11354
26	718-631-6841	61-15 Oceania St., Queens, NY 11364
27	718-642-5733	82-01 Rockaway Blvd., Ozone Park, NY 11416
28	718-557-2689	90-27 Sutphin Blvd., Jamaica, NY 11435
29	718-464-1433 এক্সটেনশন 2170	223-14 Jamaica Ave.., Queens, NY 11413
30	718-391-8261	28-11 Queens Plaza N., Long Island City, NY 11101
31	718-420-5624	715 Ocean Terrace Bldg A, Staten Island, NY 10301
32	718-574-1100 এক্সটেনশন 366	797 Bushwick Ave., Brooklyn, NY 11221
75	212-802-1685	400 1st Ave., New York, NY 10010
79	917-521-3634	4360 Broadway, New York, NY 10033

বরো ভর্তি অফিস: আপনার সন্তানকে স্কুলে নিবন্ধন করার জন্য এই অফিসে আপনাকে যোগাযোগ করতে হবে।

বরো	যে সব ডিস্ট্রিক্ট-এ পরিষেবা দেয়া হয়	ঠিকানা	ফোন নম্বর
Bronx	7, 9, 10 8, 11, 12	1 Fordham Plaza 1230 Zerega Ave	718-741-8496 718-828-2923
Brooklyn	17, 18, 22 20, 21 13, 14, 15, 16	1780 Ocean Avenue 415 89th Street 131 Livingston Street	718-758-7687 718-759-4914 718-935-4197
Manhattan	1, 2, 4 3, 5, 6	333 Seventh Avenue 4360 Broadway	212-356-7500 212-342-8300
Queens	24, 30, 32 25, 26 19, 23, 27 28, 29	28-11 Queens Plaza North 30-48 Linden Place 82-01 Rockaway Blvd 90-27 Sutphin Blvd	718-391-8386 718-281-3791 718-348-2914 718-557-2774
Staten Island	31	715 Ocean Terrace, Building A	718-390-1443

ইন্সুরেন্স কার্ড বা ড্রাইভার্স লাইসেন্স গ্রহণযোগ্য নয়। বাড়ির ঠিকানার প্রমাণ হিসেবে যে সব কাগজপত্র গ্রহণ করা হয় তার একটি পূর্ণাঙ্গ তালিকার জন্য অনুগ্রহ করে দেখুন: http://schools.nyc.gov/ChoicesEnrollment/NewStudents/default.htm

(২) **শিশুর বয়স প্রদর্শনের জন্য শিশুর বার্থ সার্টিফিকেট বা পাসপোর্ট:** যদি শিশুটি যুক্তরাষ্ট্রের বাইরে জন্মগ্রহণ করে থাকে তাহলে তার নিজের দেশের বার্থ সার্টিফিকেট বা পাসপোর্ট গ্রহণযোগ্য;

(৩) **শিশুর টিকা গ্রহণের রেকর্ড;**

(৪) **শিশুর সর্বশেষ রিপোর্ট কার্ড বা ট্রান্সক্রিপ্ট:** যদি থাকে, যুক্তরাষ্ট্রের বাইরে থেকে আনা ট্রান্সক্রিপ্ট সম্পর্কে তথ্যের জন্য নিচে দেখুন এবং অভিবাসী শিক্ষার্থী যাদের স্কুলের সীমিত অভিজ্ঞতা রয়েছে বা কোনো অভিজ্ঞতা নেই তাদের জন্য পৃষ্ঠা ৪ দেখুন; এবং

(৫) **শিশুর ব্যক্তিক শিক্ষা কর্মসূচি (ইন্ডিভিজ্যুয়ালাইজড্ এডুকেশন প্রোগ্রাম, আইইপি) বা ৫০৪ সংস্থান পরিকল্পনা:** যদি প্রযোজ্য হয় এবং পাওয়া যায়, প্রতিবন্ধী শিক্ষার্থীদের সম্পর্কে আরো তথ্যের জন্য এই পুস্তিকার পৃষ্ঠা ৪ দেখুন।

যদি আপনার কাছে এরমধ্যে কয়েকটি কাগজপত্র না থাকে, তাহলেও স্কুলটি অবশ্যই আপনার সন্তানকে সাময়িকভাবে স্কুলে ভর্তি করবে এবং প্রয়োজনীয় তথ্য সংগ্রহের জন্য চেষ্টা করবে। একজন শিক্ষার্থীকে তার আগের স্কুলের রেকর্ডের উপর ভিত্তি করে একটি গ্রেডে ভর্তি করা হবে। যদি কোনো শিক্ষার্থীর আগের স্কুলের রেকর্ড না থাকে, তাহলে শিক্ষার্থীটিকে অবশ্যই অবিলম্বে ভর্তি করতে হবে এবং তার বয়স অনুযায়ী উপযুক্ত গ্রেডে স্থান দিতে হবে। যদি কোনো শিক্ষার্থীর বিদ্যমান কোনো রেকর্ড না থাকে, তাহলে স্কুলটি শিক্ষার্থীটিকে পৃষ্ঠা ৪-এ "যদি কোনো অভিবাসী শিক্ষার্থীর স্কুলের সীমিত অভিজ্ঞতা থাকে বা কোনো অভিজ্ঞতা না থাকে তাহলে কী হবে?"-এর অধীনে বর্ণিত প্রক্রিয়া অনুযায়ী মূল্যায়ন করবে।

স্কুল বাছাই

সন্তান কোন স্কুলে পড়বে সেই বিষয়ে পিতামাতাদের একটি পছন্দ থাকতে পারে। শিশুদেরকে প্রাথমিকভাবে তাদের মহল্লার, বা "জোন" স্কুলে আসন বরাদ্দ করা হয়। জোন স্কুল নিয়ে অসন্তুষ্ট হলে একজন পিতামাতা তার সন্তানকে ভিন্ন একটি স্কুলে বদলির জন্য অনুরোধ জানাতে পারেন, কিন্তু এই ধরনের বদলি পাওয়া কঠিন। এছাড়াও পিতামাতারা অন্য স্কুল বা কর্মসূচিতে আবেদন করতে পারেন যেগুলো জোনভুক্ত নয় অথবা অন্য মহল্লার শিক্ষার্থীদের জন্য উন্মুক্ত। কোন স্কুলগুলো বেছে নেয়া যাবে তা খুঁজে বের করতে এবং বদলি সম্পর্কে আরো তথ্য পাওয়ার জন্য, অনুগ্রহ করে দেখুন: www.insideschools.org

কোনো শিক্ষার্থীর স্কুল রেকর্ড বা ট্রান্সক্রিপ্ট যুক্তরাষ্ট্রের বাইরের কোনো স্কুল থেকে আসলে কী হবে?

বিদেশি ট্রান্সক্রিপ্ট নিয়ে আসা শিক্ষার্থীরা যে স্কুলে পড়তে চায় সেই স্কুল থেকে, ডিপার্টমেন্ট অব এডুকেশন (ডিওই) থেকে, বা বাইরের কোনো উৎস থেকে তাদের ট্রান্সক্রিপ্টগুলো অনুবাদ করাতে হবে। ট্রান্সক্রিপ্ট অনুবাদ করানোর পর, শিক্ষার্থীর প্রাতিষ্ঠানিক স্তর বা স্কুল ক্রেডিটের সংখ্যা নির্ধারণের জন্য স্কুল কর্তৃক এটি মূল্যায়ন করা যেতে পারে।

এই উদ্দেশ্যে ব্যবহার করার জন্য স্কুলগুলোর দুইটি উপকরণ রয়েছে:

১. টেক্সট অনুবাদ করার জন্য ডিওই-এর অনুবাদ ও দোভাষ ইউনিট (টি অ্যান্ড আই)

এবং

২. বিষয়বস্তু মূল্যায়ন করার জন্য 'বিদেশি ট্রান্সক্রিপ্ট মূল্যায়ন' নির্দেশিকা।

টেক্সট অনুবাদ করার জন্য পিতামাতারা তাদের কনস্যুলেট, কম্যুনিটি সংগঠন, বা প্রাইভেট সার্ভিসও ব্যবহার করতে পারেন। অফিসিয়াল ট্রান্সক্রিপ্ট অনুবাদের ক্ষেত্রে নিচের নির্দেশনাগুলো অবশ্যই মেনে চলতে হবে:

১. অনুবাদ অবশ্যই মূল ডকুমেন্টের মত একই ধরনের ফরম্যাটে হতে হবে।
২. সব তথ্য অবশ্যই অনুবাদ করতে হবে।
৩. অনুবাদ অবশ্যই আক্ষরিক হতে হবে।
৪. অনুবাদক কর্তৃক কোনো মূল্যায়ন বা বিশ্লেষণ সংযুক্ত করা যাবে না।

অনুবাদটি অবশ্যই এজেন্সির কাগজে টাইপ করতে হবে এবং অবশ্যই অনুবাদক দ্বারা স্বাক্ষরিত হতে হবে। টেক্সট অনুবাদ করার পর, বিষয়বস্তু মূল্যায়ন করার জন্য স্কুলটি ডিওই-এর 'বিদেশি ট্রান্সক্রিপ্ট মূল্যায়ন' নির্দেশিকা ব্যবহার করবে। ইতোমধ্যে, শিক্ষার্থীটিকে অবশ্যই স্কুলে ভর্তি করতে হবে।

যদি কোনো অভিবাসী শিক্ষার্থীর স্কুলের সীমিত অভিজ্ঞতা থাকে বা কোনো অভিজ্ঞতা না থাকে তাহলে কী হবে?

যে সব শিক্ষার্থীর সামান্য পূর্বশিক্ষা আছে বা কোনো পূর্বশিক্ষা নেই, তাদের অবিলম্বে সরকারি স্কুলে ভর্তি হওয়ার অধিকার রয়েছে। এই ধরনের শিক্ষার্থীদেরকে এবং সক্রিয় স্কুল রেকর্ড নেই এমন শিক্ষার্থীদেরকে ভর্তি করার জন্য, স্কুলগুলোকে যা করতে হবে:

১. একটি শিক্ষার্থী প্রোফাইল সংকলন করা
২. শিক্ষার্থীর মাতৃভাষায় একটি মৌখিক মূল্যায়নী পরীক্ষা পরিচালনা করা
৩. বিষয় বরাদ্দ সম্পর্কিত পরীক্ষা পরিচালনা করা
৪. যথাযথ স্কুল কর্মীদের সহযোগিতায় একটি শ্রেণি বরাদ্দ করা।

এই প্রক্রিয়াগুলো একজন ভর্তি উপদেষ্টা বা মনোনীত ব্যক্তির মাধ্যমে করাতে হবে যিনি শিক্ষার্থীর মাতৃভাষায় কথা বলেন এবং শিক্ষার্থীর সাংস্কৃতিক পটভূমি সম্পর্ক অবহিত। দোভাষী পরিষেবা, যদি প্রয়োজন হয়, স্কুল প্রদান করবে অথবা স্কুলটি ডিওই-এর টি অ্যান্ড আই ইউনিটকে সাহায্যের জন্য অনুরোধ জানাতে পারে। যদি এই ব্যক্তিটি নির্ধারণ করেন যে শিক্ষার্থীটির বাড়তি সহায়তা পরিষেবা প্রয়োজন, তাহলে তিনি বিশেষ শিক্ষা, দ্বৈত সাক্ষরতা কর্মসূচি, বা হাই স্কুল ভর্তি অফিসে যাওয়ার জন্য সুপারিশ করতে পারেন।

যদি কোনো নতুন অভিবাসী শিক্ষার্থী প্রতিবন্ধী হয় তাহলে কী হবে?

যদি সন্দেহ করা হয় যে কোনো নতুন অভিবাসী শিক্ষার্থী প্রতিবন্ধী হতে পারে, তাহলে স্কুলটি শিক্ষার্থীটিকে বিশেষ শিক্ষার মূল্যায়নের জন্য পাঠাতে পারে। বিশেষ শিক্ষা পরিষেবা সম্পর্কে এই পুস্তিকার পরের অংশে ব্যাখ্যা করা হয়েছে। অযথার্থ বরাদ্দ প্রতিরোধ করার জন্য, নতুন অভিবাসী শিক্ষার্থীদেরকে যুক্তরাষ্ট্রে তাদের প্রথম ২ বছর সময়ে বিশেষ শিক্ষায় প্রেরণের পরামর্শ না দেয়ার জন্য ডিপার্টমেন্ট অব এডুকেশন স্কুলগুলোকে সতর্কতা অবলম্বন করার নির্দেশ দেয়। তবে, যে কোনো সময়ে তাদের সন্তানকে বিশেষ শিক্ষায় প্রেরণের সুপারিশের জন্য অনুরোধ জানানোর অধিকার পিতামাতাদের আছে। যদি কোনো শিক্ষার্থীর সত্যিকার অর্থে প্রতিবন্ধীত্ব থাকে, তাহলে সে অবিলম্বে বিশেষ শিক্ষা পরিষেবা পাওয়ার অধিকারী, সে যতদিনই যুক্তরাষ্ট্রে বসবাস করুক না কেন।

অথবা 311-এ ফোন করুন। ওএফইএ-এর কর্মীদের আরো বিস্তারিত তালিকার জন্য, Insideschools.org ওয়েবসাইটের "Parent Resources"-এর অধীনে "Where to Get Help" দেখুন।

ডিস্ট্রিক্ট	ফোন নম্বর: ডিস্ট্রিক্ট ফ্যামিলি অ্যাডভোকেট	ঠিকানা: ডিস্ট্রিক্ট ফ্যামিলি অ্যাডভোকেট
1	212-587-4046	220 Henry St. Rm 134 A, New York, NY 10002
2	212-356-3789	333 7th Ave. Rm 713, New York, NY 10001
3	212-678-5857	154 W 93rd St. Rms 122, 204, New York, NY 10025
4	212-828-3512	319 E. 117th St. , New York, NY 10035
5	212-769-7500	425 W. 123rd St. Rm 205, New York, NY 10027
6	917-521-3783	4360 Broadway, New York, NY 10033
7	718-742-6500	501 Courtland Ave. Rm 102, Bronx, NY 10451
8	718-828-4555	1230 Zerega Ave., Bronx, NY 10462
9	718-842-7853	250 E. 164th St. , Bronx, NY 10456
10	718-741-5835	1 Fordham Plaza, Bronx, NY 10458
11	718-519-2668	1250 Arnow Ave., Bronx, NY 10469
12	718-328-2310 এক্সটেনশন 4092	1434 Longfellow Ave, Bronx, NY 10459
13	718-857-4198	355 Park Ave, Brooklyn, NY 11238
14	718-302-7689	215 Heyward St., Brooklyn, NY 11206
15	718-935-4263	131 Livingston Ave., Brooklyn, NY 11201
16	718-574-2824	1010 Lafayette Ave., Brooklyn, NY 11221
17	718-221-4372	1224 Park Place, Brooklyn, NY 11213
18	718-566-6005	1106 E. 95th St., Brooklyn, NY 11236
19	718-240-2795	557 Pennsylvania Ave., Brooklyn, NY 11207
20	718-759-3918	415 89th St., Brooklyn, NY 11209
21	718-714-2501	521 West Ave. Rm 351, Brooklyn, NY 11224
22	718-968-6262	5619 Flatlands Ave., Brooklyn, NY 11234
23	718-922-4794 এক্সটেনশন 240	1665 St. Marks Ave., Brooklyn, NY 11233
24	718-592-3364	98-50 50th Ave., Queens, NY 11368

ফোন: 718-935-3280
ফ্যাক্স: 718-935-2528

নিরপেক্ষ শুনানিতে পিতামাতারা একজন দোভাষী পাওয়ার অধিকারী এবং তাদের একজন দোভাষীর প্রয়োজন হলে শুনানির আগেই অনুরোধ জানাতে হবে।

স্টেটে অভিযোগ নথিভুক্ত করার জন্য, প্রকৃত তথ্য ও আইনের লঙ্ঘন সম্পর্কে একটি লিখিত ব্যাখ্যা নিচের ঠিকানায় জমা দিন:

Office of Vocational Educational Services for
Individuals with Disabilities
New York State Education Department
One Commerce Plaza, Room 1619
Albany, NY 12234

একটি শুনানি বা অভিযোগ নথিভুক্ত করা সম্পর্কে আপনার সাহায্যের প্রয়োজন হলে, অনুগ্রহ করে নিরপেক্ষ শুনানি সম্পর্কে এএফসি-এর নির্দেশিকা দেখুন, যা অনলাইনে http://advocatesforchildren.org/guides.php ওয়েবসাইটে রয়েছে অথবা এএফসি হেল্পলাইনে ফোন করুন।

IX. বৈষম্যের অভিযোগ

জাতি, বর্ণ, ধর্ম, ধর্মীয় মতবাদ, নৃতাত্ত্বিক শ্রেণি, জাতিগত উৎস, বৈদেশিকতা, নাগরিকত্বের অবস্থা, বয়স, বৈবাহিক অবস্থা, পার্টনারশীপের অবস্থা, প্রতিবন্ধীতা, লৈঙ্গিক প্রাধান্য, লিঙ্গ, সামরিক অবস্থা, গ্রেপ্তার বা দোষী সাব্যস্ত হওয়ার অতীত ইতিহাস, জীনগত বৈশিষ্ট্য, অথবা পারিবারিক সহিংসতা, যৌন অপরাধ বা হয়রানির শিকার হওয়ার অবস্থার উপর ভিত্তি করে বৈষম্য বা হয়রানি করা আইন অনুযায়ী নিষিদ্ধ। যদি আপনি মনে করেন যে আপনি এই ধরনের বৈষম্য বা হয়রানির শিকার হয়েছেন, তাহলে আপনি নিচে উল্লিখিত এজেন্সিতে অভিযোগ করতে পারেন:

এনওয়াইসি ডিওই অফিস অব ইকুয়্যাল অপর্চুনিটি (ওইও)	(718) 935-3320
ইউ.এস. ডিপার্টমেন্ট অব এডুকেশন, অফিস অব সিভিল রাইটস্	(646) 428-3900
নিউ ইয়র্ক সিটি কমিশন অন হিউম্যান রাইটস্	(212) 306-7050

ওইও-এর ক্ষেত্রে অভিযোগের ঘটনা ঘটার এক বছরের মধ্যে অভিযোগ নথিভুক্ত করতে হবে।

X. যোগাযোগের তথ্য

পারিবারিক সংশ্লিষ্টতা ও ওকালতি অফিস (অফিস অব ফ্যামিলি এনগেজমেন্ট অ্যান্ড অ্যাডভোকেসি, ওএফইএ):
এখানে আপনি ডিস্ট্রিক্ট সুপারিন্টেন্ডেন্ট ও ডিস্ট্রিক্ট ফ্যামিলি অ্যাডভোকেট পাবেন। ইএলএল সহ যে কোনো স্কুল-সংশ্লিষ্ট প্রশ্নের ক্ষেত্রে পিতামাতাদেরকে সাহায্য করার জন্য ওএফইএ-এর কর্মী সদস্যরা সেখানে রয়েছেন। আপনার ডিস্ট্রিক্ট খুঁজে বের করার জন্য, ডিওই ওয়েবসাইটের "Find a School" বিভাগটিতে যান এবং আপনার ঠিকানাটি লিখুন

নিউ ইয়র্ক সিটিতে কী এমন কোনো সরকারি স্কুল আছে যেগুলো নতুন অভিবাসী শিক্ষার্থীদের জন্য বিশেষভাবে পরিকল্পিত?
হ্যাঁ। শহরে এই ধরনের বিদ্যমান সবগুলো কর্মসূচি সম্পর্কে তথ্য পাওয়ার জন্য আপনি www.insideschools.org ওয়েবসাইট দেখতে পারেন অথবা 'অ্যাডভোকেটস্ ফর চিল্ড্রেন'-এ ফোন করতে পারেন।

II. ইংরেজি শিক্ষার্থীদের জন্য পরিষেবা

সব শিক্ষার্থীর, সরকারি শিক্ষা পাওয়ার অধিকার রয়েছে, তাদের ইংরেজি বলার সক্ষমতা যাই হোক না কেন। ইংরেজি শিখছে এমন শিক্ষার্থীরা তাদের ভাষার চাহিদা পূরণের জন্য বিশেষ শিক্ষানির্দেশনা পাওয়ার অধিকারী। শিক্ষানির্দেশনার প্রাথমিক মডেল হচ্ছে দ্বিভাষী শিক্ষা বা দ্বিতীয় ভাষা হিসেবে ইংরেজি (ইংলিশ অ্যাজ এ সেকেন্ড ল্যাঙ্গুয়েজ, ইএসএল)।

দ্বিভাষী শিক্ষা/ইএসএল-এর জন্য কারা যোগ্য?
একটি শিশু নিউ ইয়র্ক সিটির কোনো স্কুলে ভর্তি হওয়ার সময়, তার পিতামাতা বা অভিভাবকরা অবশ্যই একটি ***বাড়িতে ব্যবহৃত ভাষা নির্ণয় জরিপ (হোম ল্যাঙ্গুয়েজ আইডেন্টিফিকেশন সার্ভে, এইচএলআইএস)*** পূরণ করবেন যা বাড়িতে এবং শিশুটি কর্তৃক ব্যবহৃত ভাষা সম্পর্কে জানতে চায়। যদি এইচএলআইএস-এর জবাবগুলোতে দেখা যায় যে বাড়িতে ইংরেজি ছাড়া অন্য কোনো ভাষায় কথা বলা হয়, তাহলে শিশুটির ইংরেজির সক্ষমতা যাচাইয়ের জন্য শিশুটিকে অবশ্যই সংশোধিত ভাষা মূল্যায়ন প্রক্রিয়া (ল্যাঙ্গুয়েজ অ্যাসেসমেন্ট ব্যাটারি- রিভাইজড্, এলএবি-আর) পরীক্ষায় অবতীর্ণ হতে হবে। যে সব শিক্ষার্থী এলএবি-আর পরীক্ষায় নির্ধারিত মানের চেয়ে কম স্কোর করবে তাদের সবাইকে দ্বিভাষী শিক্ষা বা ইএসএল নিতে হবে। যদি কোনো শিক্ষার্থী এলএবি-আর পরীক্ষায় নির্ধারিত মানের চেয়ে কম স্কোর করে, তাহলে শিক্ষার্থীটিকে প্রতি বছর মে মাসে ***নিউ ইয়র্ক স্টেট দ্বিতীয় ভাষা হিসেবে ইংরেজি পরীক্ষায় (এনওয়াইএসইএসএলএটি)*** অবতীর্ণ হতে হবে। যখন কোনো শিক্ষার্থী এনওয়াইএসইএসএলএটি-তে নির্ধারিত মানের চেয়ে বেশি স্কোর করবে, তারপর থেকে তাকে আর ইএলএল হিসেবে বিবেচনা করা হবে না এবং সে আর দ্বিভাষী শিক্ষা, ইএসএল বা দ্বৈত ভাষা কর্মসূচির জন্য যোগ্য থাকবে না।

নিউ ইয়র্ক সিটির যে সব শিক্ষার্থী দ্বিভাষী শিক্ষা ও ইএসএল-এর জন্য যোগ্য তাদেরকে বলা হয় "ইংরেজি ভাষা শিক্ষার্থী" (ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স, ইএলএল) বা "ইংরেজিতে সীমিত দক্ষ" (লিমিটেড ইংলিশ প্রফিশিয়েন্ট, এলইপি)। নিউ ইয়র্ক সিটিতে "ইএলএল" পরিভাষাটি সাধারণত বেশি ব্যবহার করা হয়।

যদি কোনো পিতামাতা তার সন্তানের এলএবি-আর স্কোর সম্পর্কে একমত না হন তাহলে কী হবে?
যদি কোনো পিতামাতা বিশ্বাস করেন যে তার সন্তানের এলএবি-আর স্কোর শিশুটির ইংরেজির সক্ষমতাকে যথাযথভাবে প্রতিফলিত করছে না, তাহলে তিনি ডিপার্টমেন্ট অব এডুকেশনের অফিস অব ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স-এ (212) 374-6072 নম্বরে ফোন করে পুনরায় পরীক্ষা নেয়ার অনুরোধ জানাতে পারেন। পিতামাতাকে ব্যাখ্যা করতে হবে কেন

পরীক্ষার স্কোর সঠিক নয় অথবা প্রথম পরীক্ষার পরিবেশ কেন উপযুক্ত ছিল না। শিক্ষার্থীদেরকে কদাচিৎ এলএবি-আর পরীক্ষায় পুনরায় অবতীর্ণ হওয়ার অনুমতি দেয়া হয়।

ইএলএলদের জন্য শিক্ষানির্দেশনামূলক কর্মসূচির প্রকার
নিউ ইয়র্ক সিটিতে ইএলএল শিক্ষানির্দেশনার প্রাথমিক মডেলগুলো হচ্ছে:

(১) **ক্রান্তিকালীন দ্বিভাষী শিক্ষা কর্মসূচি।** ইংরেজি এবং সেইসাথে শিক্ষার্থীর মাতৃভাষায় শিক্ষানির্দেশনা প্রদান করা যেতে পারে। প্রথমে, শিক্ষার্থীর মাতৃভাষায় শিক্ষানির্দেশনা প্রদান করা হবে, শিক্ষার্থীর ইংরেজিতে দক্ষতা বৃদ্ধি পাওয়ার সাথে সাথে ইংরেজিতে আরো বেশি করে শিক্ষানির্দেশনা প্রদান করা হবে।

(২) **দ্বৈত-ভাষা কর্মসূচি।** এই মডেলে অন্তর্ভুক্ত রয়েছে একই শ্রেণিকক্ষে ইংরেজিতে সীমিত দক্ষ শিক্ষার্থী এবং ইংরেজিভাষী শিক্ষার্থীরা, যার লক্ষ্য হচ্ছে উভয় ভাষায় উভয় গ্রুপের শিক্ষার্থীদের দক্ষতা বৃদ্ধি করা। নিউ ইয়র্ক সিটিতে দ্বৈত ভাষা কর্মসূচিগুলো মূলত স্প্যানিশ ও ইংরেজিতে, কিন্তু অন্য আরো কয়েকটি ভাষায়ও রয়েছে যেমন চীনা, হেশিয়ান ক্রেওল, রাশিয়ান, কোরিয়ান, ফ্রেঞ্চ ও আরবি।

(৩) **দ্বিতীয় ভাষা হিসেবে ইংরেজি (ইএসএল)** হচ্ছে এমন একটি কর্মসূচি যাতে শিক্ষার্থীরা ইংরেজি পাঠদানের জন্য প্রশিক্ষিত একজন শিক্ষকের কাছ থেকে ইংরেজি বলতে, পড়তে, ও লিখতে শেখে। শিক্ষার্থীদেরকে সম্পূর্ণভাবে ইংরেজিতে শিক্ষানির্দেশনা দেয়া হয়। অধিকাংশ নতুন অভিবাসী শিক্ষার্থী ইএসএল-এ থাকে।

এই বিষয়ে আরো তথ্য পাওয়া যাবে: http://schools.nyc.gov/Offices/ELL

একজন পিতামাতা কী দ্বিভাষী শিক্ষা ও ইএসএল-এর মধ্যে একটি বেছে নিতে পারেন?
হ্যাঁ। তাদের সন্তান কী দ্বিভাষী শিক্ষা না ইএসএল নিবে সেই বিষয়ে সিদ্ধান্ত নেয়ার অধিকার পিতামাতাদের আছে। ইএলএল শিক্ষার্থীদের দ্বিভাষী শিক্ষার অধিকার আছে কিন্তু তাদেরকে কমপক্ষে ইএসএল নিতে হবে। প্রতিটি স্কুলেই প্রতিটি শিশুর জন্য সঠিক প্রকারের দ্বিভাষী শিক্ষার ক্লাস নেই। উদাহরণস্বরূপ, একটি শিশুর হয়তো কোরিয়ান দ্বিভাষী ক্লাস প্রয়োজন কিন্তু তার স্কুলে সেটি নেই। যদি শিশুটির ডিস্ট্রিক্টের আরেকটি স্কুল শিশুটির জন্য যথাযথ দ্বিভাষী কর্মসূচি পরিচালনা করে, তাহলে শিশুটিকে সেই স্কুলে বদলি করার অধিকার পিতামাতার রয়েছে এবং সেই স্কুলে যাতায়াতের জন্য শিশুটির বিনামূল্যে পরিবহন পাওয়ার অধিকার রয়েছে।

যদি শিশুটির ডিস্ট্রিক্টের কোনো স্কুলে শিশুটির ভাষায় কোনো দ্বিভাষী কর্মসূচি না থাকে, তাহলে শিশুটিকে অবশ্যই ইএসএল নিতে হবে। যদি কোনো পিতামাতা তার সন্তানকে দ্বিভাষী শিক্ষায় দিতে না চান, তাহলে তিনি তার সন্তানকে ইএসএল-এ দেয়ার সিদ্ধান্ত নিতে পারেন। প্রতিটি স্কুলেই একটি ইএসএল শ্রেণি থাকা উচিত।

যদি আপনি দ্বিভাষী কর্মসূচির লভ্যতা ও অবস্থান সম্পর্কে জানতে চান, তাহলে আপনি আপনার ডিস্ট্রিক্ট ফ্যামিলি অ্যাডভোকেট-কে ফোন করতে পারেন। যোগাযোগের তথ্য এই পুস্তিকার শেষে পাওয়া যাবে।

দেয়া যেতে পারে। আধা-পেশাজীবীর উদ্দেশ্য হচ্ছে শ্রেণিতে শিক্ষার্থীটির জন্য দোভাষী পরিষেবা প্রদান করা। যদি একটি নির্দিষ্ট সময়ের মধ্যে ডিওই যথাযথ দ্বিভাষী ক্লাস প্রদান করতে না পারে, তাহলে পিতামাতা সরকারি খরচে শিশুটিকে একটি প্রাইভেট স্কুলে পড়াতে পারবেন। একটি শিশু প্রাইভেট স্কুলে পড়ার অধিকারী হবে যদি (১) মূল্যায়নে সম্মতি দেয়ার তারিখ থেকে (যদি শিশুটি প্রথমবারের মতো বিশেষ শিক্ষা শুরু করে) অথবা (২) আইইপি পর্যালোচনার জন্য সুপারিশের তারিখ থেকে (যদি শিশুটি ইতিমধ্যেই বিশেষ শিক্ষায় থেকে থাকে) ৬০ স্কুল দিবসের মধ্যে শিশুটিকে যথাযথ আসন বরাদ্দ দেয়া না হয়। এই সময় পরে, শিশুটির পিতামাতা একটি পি-১ চিঠি বা "নিকারসন" চিঠি পাওয়ার অধিকারী হবেন যা শিশুটিকে নিউ ইয়র্ক স্টেটের অনুমোদিত প্রাইভেট স্কুলে ভর্তি করানোর জন্য পিতামাতাকে ক্ষমতা প্রদান করবে। পিতামাতা এই চিঠির জন্য বিশেষ শিক্ষা সংক্রান্ত কমিটি (কমিটি অন স্পেশাল এডুকেশন, সিএসই) বা সমন্বিত পরিষেবা কেন্দ্রে (ইন্টিগ্রেটেড সার্ভিস সেন্টার, আইএসসি) অনুরোধ জানাতে পারেন। যদি সিএসই বা আইএসসি পিতামাতাকে চিঠিটি না দেয়, তাহলে চিঠিটি পাওয়ার জন্য পিতামাতা নিরপেক্ষ শুনানির অনুরোধ জানাতে পারেন। পিতামাতা একটি প্রাইভেট স্কুল খুঁজে পাওয়ার আগ পর্যন্ত একটি যথাযথ সরকারি স্কুলে আসন খুঁজে বের করার জন্য চেষ্টা চালিয়ে যাওয়া ডিওই-এর দায়িত্ব।

একটি যথাযথ বে-সরকারি স্কুল খুঁজে পাওয়া কষ্টকর হতে পারে কারণ খুব কম প্রাইভেট স্কুলই দ্বিভাষী বিশেষ শিক্ষা প্রদান করে থাকে। একটি নিকারসন চিঠির জন্য অনুরোধ জানানোর আগে, একজন পিতামাতার উচিত হবে একটি প্রাইভেট স্কুল চিহ্নিত করা যেটি শিশুটিকে ভর্তি করবে। সাহায্যের জন্য অনুগ্রহ করে এএফসি-কে ফোন করুন।

যদি দ্বিভাষী আধা-পেশাজীবী বা সংশ্লিষ্ট পরিষেবা না থাকে তাহলে কী হবে?
কখনো কখনো, ডিওই ইংরেজিভাষী মধ্যবর্তী ভর্তির ইএলএল শিশুর জন্য একজন দ্বিভাষী আধা-পেশাজীবী প্রদানে ব্যর্থ হয়। এই ক্ষেত্রে, শিশুটি কোনো ভাষাগত সহায়তা পায় না এবং ক্লাসের কিছু নাও বুঝতে পারে। যদি এটি ঘটে থাকে, তাহলে পিতামাতা একটি নিরপেক্ষ শুনানির জন্য অনুরোধ জানাতে পারেন অথবা একজন দ্বিভাষী আধা-পেশাজীবীর ব্যবস্থা করার জন্য, অথবা যত দ্রুত সম্ভব একটি দ্বিভাষী বিশেষ শিক্ষার শ্রেণিতে স্থান দেয়ার জন্য স্টেটে একটি প্রশাসনিক অভিযোগ নথিভুক্ত করতে পারেন। ৬০ স্কুল দিবস পার হয়ে গেলে পিতামাতা একটি নিকারসন চিঠির জন্যও অনুরোধ জানাতে পারেন।

যদি শিশুটির একটি দ্বিভাষী সংশ্লিষ্ট পরিষেবার প্রয়োজন হয় যেমন বাক্ থেরাপি এবং কোনো দ্বিভাষী পরিষেবা পাওয়া না যায়, তাহলে পিতামাতা একটি সংশ্লিষ্ট পরিষেবার অনুমোদনপত্র (রিলেটেড সার্ভিস অথোরাইজেশন, আরএসএ) পাওয়ার অধিকারী যা পিতামাতাকে ডিওই-এর বাইরে থেকে যথাযথ দ্বিভাষী পরিষেবা গ্রহণের অনুমতি দিবে। পিতামাতা সিএসই বা আইএসসি থেকে আরএসএ চিঠির জন্য অনুরোধ জানাতে পারেন। এছাড়াও ডিওই যাতে যথাযথ পরিষেবা প্রদান করে তার আদেশ চেয়ে পিতামাতা একটি নিরপেক্ষ শুনানির অনুরোধ জানাতে পারেন। একটি নিরপেক্ষ শুনানির অনুরোধ জানানোর জন্য, এই ঠিকানায় লিখুন:

Impartial Hearing Office
Department of Education
131 Livingston St., Room 201
Brooklyn, NY 11201

বিশেষ চাহিদাযুক্ত শিশুদের পিতামাতাদের জন্য অনুবাদ ও দোভাষী পরিষেবা
বিশেষ শিক্ষা সম্পর্কিত সবগুলো আইইপি, মূল্যায়নী ফলাফল, ও বিজ্ঞপ্তির অনুবাদ পিতামাতার মাতৃভাষায় পাওয়ার অধিকার পিতামাতাদের রয়েছে। এছাড়াও বৈঠকগুলোতে দোভাষী পাওয়ার অধিকার পিতামাতাদের রয়েছে। পিতামাতারা স্কুলে এইসব অনুবাদ ও দোভাষী পরিষেবার জন্য অনুরোধ জানাতে পারেন। যদি পরিষেবা প্রদান করা না হয়, তাহলে অনুগ্রহ করে এএফসি হেল্পলাইনে যোগাযোগ করুন।

যদি কোনো শিশুর বিশেষ শিক্ষার প্রয়োজন হয় এবং সে একজন ইংরেজি ভাষা শিক্ষার্থী হয় তাহলে কী হবে?
একজন বিশেষ শিক্ষার শিক্ষার্থী যে এলএবি–আর পরীক্ষায় নির্ধারিত মানের চেয়ে কম স্কোর করে সে দ্বিভাষী বিশেষ শিক্ষা পরিষেবা বা বিশেষ শিক্ষায় ইএসএল পাওয়ার যোগ্য। গুরুতর প্রতিবন্ধী কিছু শিক্ষার্থীকে (যেমন, গুরুতর মানসিক প্রতিবন্ধী বা অটিজম) এলএবি–আর পরীক্ষা থেকে অব্যাহতি দেয়া হয়। এই সব শিক্ষার্থী দ্বিভাষী পরিষেবা/ইএসএল পাওয়ার যোগ্য হবে যদি তাদের বাড়িতে ব্যবহৃত ভাষা নির্ণয় জরিপে দেখা যায় যে তাদের বাড়ির ভাষা হচ্ছে ইংরেজি ছাড়া অন্য যে কোনো ভাষা এবং তাদের দ্বিভাষী মূল্যায়নে দ্বিভাষী বা ইএসএল পরিষেবার জন্য সুপারিশ করা হয়।

একজন বিশেষ শিক্ষার শিক্ষার্থী যে এলএবি–আর পরীক্ষায় নির্ধারিত মানের চেয়ে কম স্কোর করে, সে কী দ্বিভাষী পরিষেবা বা ইএসএল থেকে অব্যাহতি পেতে পারে?
হ্যাঁ, কিন্তু শুধুমাত্র যদি পিতামাতা সহ আইইপি দল শিক্ষার্থীটিকে অব্যাহতি দিতে সম্মত থাকে। এটি বিরল। একজন বিশেষ শিক্ষার শিক্ষার্থীর এলএবি–আর পরীক্ষার স্কোর সীমিত ভাষাগত দক্ষতার বদলে তার অক্ষমতার কারণেও হতে পারে। এই কারণে, আইইপি দল নির্ধারণ করতে পারে যে শিক্ষার্থীটির দ্বিভাষী পরিষেবার প্রয়োজন নেই। এই সিদ্ধান্ত গ্রহণের সময় আইইপি দল ও পিতামাতা শুধুমাত্র এলএবি–আর স্কোর নয়, বরং অনেকগুলো বিষয় বিবেচনা করা উচিত। তবে, কখনো কখনো আইইপি দল চাইতে পারে পিতামাতা যাতে অব্যাহতিতে সম্মত হন, কারণ দ্বিভাষী পরিষেবা পাওয়া কঠিন হতে পারে। যদি কোনো পিতামাতা তার সন্তানকে অব্যাহতি দিতে না চান, তাহলে তিনি অব্যাহতিতে সম্মতি দিতে অস্বীকার করতে পারেন।

আইইপি দল সিদ্ধান্ত নিতে পারে যে শিশুটির জন্য কোনো কোনো ক্ষেত্রে দ্বিভাষী পরিষেবা বা ইএসএল–এর প্রয়োজন আছে কিন্তু অন্য ক্ষেত্রগুলোতে প্রয়োজন নেই। উদাহরণস্বরূপ, একজন স্প্যানিশভাষী বিশেষ শিক্ষার শিক্ষার্থীকে একটি দ্বিভাষী স্প্যানিশ ও ইংরেজি শ্রেণিতে এবং সেইসাথে একভাষী ইংরেজি বাক্ থেরাপিতে দেয়া যেতে পারে। একটি আইইপি দলকে অবশ্যই কোনো ক্ষেত্রে পরিষেবার জন্য ভাষা নির্ধারণের সিদ্ধান্ত নিতে হবে ওই ক্ষেত্রে শিশুটির চাহিদা সম্পর্কে বিশেষ বিবেচনার উপর ভিত্তি করে। তবে, পিতামাতা সম্মতি দেয়ার আগ পর্যন্ত কোনো পরিষেবা বা পরিষেবার ভাষা সম্পর্কে সিদ্ধান্ত চূড়ান্ত হবে না।

যদি বিশেষ শিক্ষার কোনো দ্বিভাষী শ্রেণি না থাকে তাহলে কী হবে?
যদি কোনো শিক্ষার্থীর দ্বিভাষী বিশেষ শিক্ষা পরিষেবার প্রয়োজন হয়, কিন্তু ডিপার্টমেন্ট অব এডুকেশন (ডিওই) যথাযথ দ্বিভাষী বিশেষ শিক্ষার ক্লাস দিতে না পারে, তাহলে শিক্ষার্থীটিকে সাময়িকভাবে একটি একভাষী ইংরেজি বিশেষ শিক্ষার শ্রেণিতে দ্বিভাষী আধা–পেশাজীবী সহ

ইএসএল কর্মসূচিগুলো শিক্ষার্থীদের স্বতন্ত্র দক্ষতার সাথে মানানসই করে নেয়ার অধিকার কী শিক্ষার্থীদের আছে?
হ্যাঁ। স্টেটের আইন অনুযায়ী ইএসএল কর্মসূচিগুলো শিক্ষার্থীর ইংরেজি ভাষার স্বতন্ত্র দক্ষতার সাথে মানানসই করে পরিকল্পনা করতে হবে। একই শ্রেণির প্রত্যেক ইএসএল শিক্ষার্থী একই ইএসএল পাঠক্রম গ্রহণ করতে হবে না। উদাহরণস্বরূপ, কোনো ইএসএল শিক্ষার্থীর ইংরেজির দক্ষতা তার সহপাঠীদের চেয়ে উল্লেখযোগ্যভাবে ভালো হলে সে আরো উচ্চতর ইএসএল পাঠক্রম পাওয়ার যোগ্য।

স্কুলগুলো কখন দ্বিভাষী শিক্ষা কর্মসূচি তৈরি করতে বাধ্য?
যে সব এলিমেন্টারি ও জুনিয়র হাই স্কুলে একই গ্রেডে বা ২টি কাছাকাছি গ্রেডে একই মাতৃভাষার ১৫ বা তার বেশি ইএলএল শিক্ষার্থী আছে তারা সেই ভাষায় একটি দ্বিভাষী কর্মসূচি চালু করা আবশ্যক। যে সব হাই স্কুলে একই গ্রেডে একই মাতৃভাষার ২০ বা তার বেশি ইএলএল শিক্ষার্থী আছে তারা সেই ভাষায় একটি দ্বিভাষী কর্মসূচি চালু করা আবশ্যক।

দ্বিভাষী শিক্ষা ও ইএসএল সম্পর্কে বিজ্ঞপ্তি ও তথ্য পাওয়ার অধিকার কী পিতামাতাদের আছে?
হ্যাঁ। স্টেটের আইন অনুযায়ী, কোনো শিশুর জন্য দ্বিভাষী শিক্ষা বা ইএসএল নেয়া বাধ্যতামূলক হলে পিতামাতাদেরকে অবশ্যই তা অবহিত করতে হবে। তাদের আরো অধিকার আছে (১) বিভিন্ন কর্মসূচির বিভিন্ন দিক সম্পর্কে একটি ব্যাখ্যা পাওয়ার, এবং (২) দ্বিভাষী শিক্ষা ও ইএসএল–এর জন্য স্টেটের প্রমিত মান, মূল্যায়ন, স্কুলের প্রত্যাশা ও কর্মসূচির সাধারণ শর্তাবলি সম্পর্কে একটি পরিচিতি অধিবেশনে অংশগ্রহণ করার। পরিচিতি অধিবেশনটি অবশ্যই শিশুটি স্কুলে ভর্তির প্রথম সেমেস্টারে অনুষ্ঠিত করতে হবে। এছাড়াও কর্মসূচিটির লক্ষ্য সম্পর্কে এবং কীভাবে পিতামাতারা তাদের সন্তানদেরকে সাহায্য করতে পারেন সেই সম্পর্কে বুঝতে তাদেরকে সাহায্য করার জন্য স্কুল ডিস্ট্রিক্টগুলো অবশ্যই বছরে কমপক্ষে দুইবার পিতামাতাদের সাথে সাক্ষাতের জন্য চেষ্টা করতে হবে। **সকল তথ্য অবশ্যই পিতামাতা বা অভিভাবকের মাতৃভাষায় প্রদান করতে হবে। যদি আপনি কোনো সমস্যায় পড়েন, তাহলে অনুগ্রহ করে আমাদেরকে ফোন করুন।**

III. মেধাবী ও প্রতিভাবান কর্মসূচি

ইংরেজির দক্ষতা যাই হোক না কেন সব শিক্ষার্থীরা মেধাবী ও প্রতিভাবান কর্মসূচির জন্য আবেদন করতে পারে। মেধাবী ও প্রতিভাবান কর্মসূচিগুলো হচ্ছে উচ্চতর দক্ষতা ও বিশেষ প্রতিভাধর শিক্ষার্থীদের জন্য "সমৃদ্ধ ও বিস্তৃত" কর্মসূচি। মেধাবী ও প্রতিভাবান কর্মসূচি সম্পর্কে প্রয়োজন অনুযায়ী পিতামাতাদের মাতৃভাষায় তথ্য পাওয়ার অধিকার রয়েছে। পিতামাতারা এই তথ্য স্কুল বা স্কুল ডিস্ট্রিক্টের কাছে চাওয়া উচিত। মেধাবী ও প্রতিভাবান কর্মসূচিগুলো বিশেষ শিক্ষা কর্মসূচি থেকে ভিন্ন।

IV. পিতামাতাদের অধিকার

পিতামাতারা কী তাদের মাতৃভাষায় স্কুল-সম্পর্কিত তথ্য পাওয়ার অধিকারী?
হ্যাঁ। পিতামাতা ও অভিভাবকদের অধিকার রয়েছে তাদের মাতৃভাষায় স্কুল সম্পর্কিত তথ্য পাওয়ার। নিউ ইয়র্ক সিটির স্কুলগুলোতে, নূনতম আরবি, বাংলা, চীনা, হেশিয়ান ক্রেওল, কোরিয়ান, রুশ, স্প্যানিশ, ও উর্দু ভাষায় অনুবাদ ও দোভাষী পরিষেবা পাওয়া যেতে হবে। সভাগুলো মুখে অনুবাদ করার এবং বিজ্ঞপ্তি ও চিঠিগুলোর লিখিত অনুবাদ পাওয়ার অধিকার পিতামাতাদের রয়েছে। মৌখিক ও লিখিত অনুবাদ অবশ্যই সঠিক ও যথাযথ হতে হবে। উদাহরণস্বরূপ, একজন পিতামাতা যিনি মূলত ম্যান্ডারিন ভাষায় কথা বলেন তার জন্য একজন ক্যান্টনিজভাষী যথাযথ দোভাষী হতে পারেন না। এছাড়াও পিতামাতারা কোথায় এই পরিষেবাগুলো পেতে পারেন তা উল্লেখ করে স্কুলের প্রবেশপথে বা তার কাছাকাছি জায়গায় সবগুলো স্কুলকে বিজ্ঞপ্তি লাগাতে হবে এবং কোনো কাগজপত্রের অনুবাদ পাঠানো না হলে তার সাথে অবশ্যই একটি চিঠি পাঠাতে হবে যাতে উল্লেখ থাকবে যে কীভাবে তথ্যটির অনুবাদ পাওয়া যাবে।

কোনো পিতামাতা তথ্যের লিখিত বা মৌখিক অনুবাদ পেতে চাইলে স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটর বা প্রিন্সিপ্যালকে এই পরিষেবার জন্য অনুরোধ জানাতে হবে। পিতামাতারা প্রায়ই তাদের প্রয়োজনীয় অনুবাদ বা দোভাষী পরিষেবা পান না। যদি আপনার এই সমস্যা হয়ে থাকে, তাহলে অনুগ্রহ করে এএফসি-এর হেলপলাইনে ফোন করুন: 1-866-427-6033.

স্কুলে ও স্কুল পরিচালনায় পিতামাতারা কীভাবে সম্পৃক্ত হতে পারেন?
কীভাবে স্কুলগুলো পরিচালিত হয় এবং কীভাবে তাদের সন্তানরা লেখাপড়া করে সেই সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণে অংশগ্রহণের জন্য পিতামাতাদের অনেক উপায় রয়েছে।
(১) প্যারেন্ট কোঅর্ডিনেটর। প্যারেন্ট কোঅর্ডিনেটরের দায়িত্ব হচ্ছে পিতামাতাদের উদ্বেগ নিরসনে সাহায্য করা এবং স্কুলে পিতামাতাদের সম্পৃক্ততাতে সহায়তা করা। আরো তথ্যের জন্য অথবা সুনির্দিষ্ট বিষয় সম্পর্কে আপনার স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করুন।
(২) স্কুল নেতৃত্ব দল। নিউ ইয়র্ক সিটির প্রতিটি সরকারি স্কুলে একটি স্কুল নেতৃত্ব দল থাকা আবশ্যক। পিতামাতা সদস্যরা অবশ্যই এই দলটির অর্ধেক হতে হবে যারা অন্য পিতামাতাদের দ্বারা নির্বাচিত হবেন। এই দলটি স্কুলটির সামগ্রিক শিক্ষা পরিকল্পনা তৈরির জন্য দায়বদ্ধ যা বিভিন্ন নীতি নির্ধারণ করে যেমন বাজেট, পাঠক্রম, পিতামাতা সংশ্লিষ্টকরণ, কর্মী উন্নয়ন, ইএলএল-দের জন্য পরিষেবা এবং অনুবাদ ও দোভাষী পরিষেবা।
(৩) প্যারেন্ট ও প্যারেন্ট টিচার অ্যাসোসিয়েশন (পিএ/পিটিএ)। প্রতিটি স্কুলে অবশ্যই একটি পিএ বা পিটিএ থাকতে হবে যা পিতামাতা বা পিতামাতা ও শিক্ষকদের দ্বারা নিয়ন্ত্রিত হতে হবে। একটি স্কুলের পরিচালনা ও শিক্ষার্থীদের অর্জনের স্তর সম্পর্কে পূর্ণাঙ্গ তথ্য পাওয়ার অধিকার পিএ/পিটিএ-এর রয়েছে। এছাড়াও পিএ/পিটিএ অধিকার রয়েছে স্কুল পরিচালনা সম্পর্কিত সকল সিদ্ধান্তের ক্ষেত্রে স্কুলের সাথে আলোচনা করার, যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে বাজেট, নিয়োগ, ও পাঠক্রম সম্পর্কিত সিদ্ধান্ত। তবে, পিএ বা পিটিএ স্কুল পরিচালনা সম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করতে পারে না।
(৪) টাইটেল ওয়ান। এছাড়াও পিতামাতারা টাইটেল ওয়ান কর্মসূচির মাধ্যমে অংশগ্রহণ করতে

হস্তক্ষেপ-এর নির্দেশিকা দেখুন যা অনলাইনে http://advocatesforchildren.org/guides.php ওয়েবসাইটে রয়েছে। ইআই-এর সাথে অ্যাপয়েন্টমেন্ট করার জন্য (800) 577-2229 নম্বরে ফোন করুন।

বিশেষ শিক্ষা কী?
বিশেষ শিক্ষা হচ্ছে ৩ থেকে ২১ বছর বয়সী প্রতিবন্ধী শিক্ষার্থী, যাদের অক্ষমতা তাদের শিক্ষাকে প্রভাবিত করে থাকে, তাদের জন্য বিশেষায়িত শিক্ষানির্দেশনা, সহায়তা, ও পরিষেবা। এই ধরনের অক্ষমতা শিক্ষণ ও আচরণগত সমস্যা থেকে শুরু করে অত্যন্ত গুরুতর অক্ষমতা পর্যন্ত হতে পারে। বিশেষ শিক্ষার মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে বিভিন্ন ধরনের পরিষেবা যেমন পরামর্শ প্রদান, উপকরণ কক্ষ, আধা-পেশাজীবী পরিষেবা, শারীরিক থেরাপি, বাক্ থেরাপি, সহায়ক প্রযুক্তি, বিশেষ পাঠক্রম, ও অন্যান্য পরিষেবাসমূহ। এই ধরনের পরিষেবাসমূহ "সংশ্লিষ্ট পরিষেবা" নামে পরিচিত। বিশেষ শিক্ষার শিক্ষার্থীদেরকে অ-প্রতিবন্ধী সহপাঠীদের সাথে সাধারণ শিক্ষার শ্রেণিকক্ষে পাঠদান করা যেতে পারে যেখানে সংশ্লিষ্ট পরিষেবাসমূহ প্রদান করা হয় **অথবা** প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য পৃথক শ্রেণিকক্ষে পাঠদান করা হতে পারে। বিশেষ শিক্ষা পদ্ধতি সম্পর্কে আরো বিস্তারিত ব্যাখ্যার জন্য, এএফসি-এর বিশেষ শিক্ষার নির্দেশিকা দেখুন যা http://advocatesforchildren.org/guides.php ওয়েবসাইটে রয়েছে।

কীভাবে শিক্ষার্থীরা বিশেষ শিক্ষা পরিষেবা পেয়ে থাকে?
একজন পিতামাতা লিখিতভাবে অনুরোধ জানাতে পারেন যে তার শিশুকে বিশেষ শিক্ষার জন্য সুপারিশ ও মূল্যায়ন করা হোক। স্কুলও কোনো শিশুকে বিশেষ শিক্ষার জন্য সুপারিশ করতে পারে। তবে, স্কুলের সুপারিশ অবশ্যই লিখিত হতে হবে এবং বিশেষ শিক্ষার জন্য বিবেচনা করার আগে এটি অবশ্যই উল্লেখ করতে হবে যে স্কুলটি কোন কোন উপায়ে শিক্ষার্থীটিকে সাধারণ শিক্ষা পরিষেবার মাধ্যমে সাহায্য করার চেষ্টা করেছে (যেমন, ইএসএল, টিউটোরিং, স্কুল ছুটি পরবর্তী কর্মসূচি, আচরণমূলক কৌশল)। কোনো শিক্ষার্থী ইংরেজি ভালো বলতে পারে না, শুধুমাত্র এই কারণে তাকে বিশেষ শিক্ষার জন্য সুপারিশ করা যাবে না। একটি শিশুকে সুপারিশ করার পর, তাকে অবশ্যই মূল্যায়ন করতে হবে। তবে, পিতামাতার অধিকার ব্যাখ্যা করা এবং পিতামাতার লিখিত অনুমতি পাওয়ার আগে কোনো শিশুকে বিশেষ শিক্ষার জন্য মূল্যায়ন করা যাবে না। সকল ইএলএল শিশু অবশ্যই একটি যথাযথ দ্বিভাষী মূল্যায়ন পেতে হবে।

একটি শিশুকে মূল্যায়ন করার পর, শিশুটির জন্য বিশেষ শিক্ষার প্রয়োজন আছে কিনা তা নির্ধারণের জন্য পিতামাতা একদল পেশাজীবীর সাথে স্কুলে মিলিত হবেন। যদি শিক্ষার্থীটি বিশেষ শিক্ষা পরিষেবার জন্য যোগ্য হয়, তাহলে দলটি একটি ব্যক্তিক শিক্ষা কর্মসূচি (আইইপি) তৈরি করবে যা শিক্ষার্থীটির কর্মসূচি, পরিষেবা ও শিক্ষার লক্ষ্যকে নির্দিষ্ট করে। যদি শিক্ষার্থীর বিশেষ শিক্ষা কর্মসূচি সম্পর্কে কোনো পিতামাতা কখনো স্কুলের সাথে একমত না হন, তাহলে তিনি একটি নিরপেক্ষ শুনানির জন্য অনুরোধ জানাতে পারেন। মূল্যায়ন, আইইপি বৈঠক, ও নিরপেক্ষ শুনানি সম্পর্কিত আরো বিস্তারিত তথ্যের জন্য, অনুগ্রহ করে বিশেষ শিক্ষা সম্পর্কিত এএফসি-এর নির্দেশিকা দেখুন।

চলতে পারে না। সুপারিন্টেন্ডেন্টের সাময়িক বহিষ্কার ১ বছর পর্যন্ত চলতে পারে এবং তা বিতাড়নে পরিণত হতে পারে যদি স্কুলের প্রথম দিন শিক্ষার্থীর বয়স ১৭ বছরের বেশি হয়। উভয় ধরনের সাময়িক বহিষ্কারের জন্য, শিক্ষার্থীর বিরুদ্ধে সুনির্দিষ্ট অভিযোগ সহ সাময়িক বহিষ্কার সম্পর্কে অবিলম্বে মৌখিক ও লিখিতভাবে অবহিত হওয়ার অধিকার পিতামাতার আছে। এছাড়াও তাদের সন্তানের বিরুদ্ধে সব ধরনের প্রমাণ সম্পর্কে জানার অধিকার পিতামাতার রয়েছে এবং প্রিন্সিপ্যালের সাময়িক বহিষ্কারের জন্য একটি বৈঠক অথবা সুপারিন্টেন্ডেন্টের সাময়িক বহিষ্কারের জন্য একটি শুনানি পাওয়ার অধিকার পিতামাতার রয়েছে। সাময়িক বহিষ্কারের বৈঠক ও শুনানিতে একজন প্রতিনিধি বা অ্যাডভোকেট নিয়ে আসার অধিকার পিতামাতা বা শিক্ষার্থীর রয়েছে। সাময়িক বহিষ্কার চলাকালীন সময়ে সব বাড়ির কাজ, শ্রেণির কাজ ও বিকল্প শিক্ষানির্দেশনা পাওয়ার অধিকার শিক্ষার্থীদের আছে। প্রতিনিধিত্বের অনুরোধ করার জন্য, আপনি এএফসি-এর হেল্পলাইনে, অথবা লিগ্যাল সার্ভিসেস অব নিউ ইয়র্কে (212) 431-7200 নম্বরে ফোন করতে পারেন।

আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে Insideschools.org ওয়েবসাইটে "Parent Resources"-এর অধীনে "Basic Information" দেখুন।

VII. স্কুলের রেকর্ড

সন্তানের স্কুলের সকল রেকর্ড দেখার অধিকার পিতামাতাদের রয়েছে। ১৮ বা তারচেয়ে বেশি বয়সী হাই স্কুল শিক্ষার্থীর অধিকার রয়েছে তার স্কুলের সকল রেকর্ড দেখার। পিতামাতা বা হাই স্কুল শিক্ষার্থীর অনুরোধ পাওয়ার পর স্কুলগুলোর উচিত হচ্ছে এই সকল রেকর্ডগুলো অবিলম্বে দেখানো, কিন্তু অনুরোধ পাওয়ার পর ৪৫ পঞ্জিকা দিবসের পরে নয়। সন্তানের রেকর্ডের যে কোনো তথ্য সংশোধন বা আপিল করার অধিকার পিতামাতার রয়েছে।

VIII. প্রতিবন্ধী শিক্ষার্থীদের অধিকার

যদি কোনো শিক্ষার্থী প্রতিবন্ধী হয় তাহলে কী হবে?

প্রতিবন্ধী শিশুদের জন্য স্কুলগুলো অবশ্যই বিশেষ শিক্ষা পরিষেবা বা অনুচ্ছেদ ৫০৪-এর অধীনে পরিষেবা প্রদান করতে হবে। অনুচ্ছেদ ৫০৪-এর অধীনে, স্কুলগুলো প্রায়ই সহায়ক উপকরণ প্রদান করে থাকে যা একটি শিশুকে স্কুলের সকল কর্মকাণ্ডে পূর্ণাঙ্গভাবে অংশগ্রহণে সক্ষম করে (যেমন, হুইলচেয়ারের র‍্যাম্প, লেখার বিশেষ সরঞ্জাম, ঔষধ)। বিশেষ শিক্ষা আইনের অধীনে, স্কুলগুলো পরিষেবা প্রদান করে থাকে, যেমন বিশেষায়িত শিক্ষানির্দেশনা, প্রাতিষ্ঠানিক সহায়তা এবং সংশ্লিষ্ট পরিষেবা যেমন অকুপেশনাল থেরাপি ও পরামর্শ পরিষেবা। কিছু শিক্ষার্থী বিশেষ শিক্ষা ও অনুচ্ছেদ ৫০৪ উভয়টির জন্যই যোগ্য হতে পারে। অনুচ্ছেদ ৫০৪ সম্পর্কিত আরো তথ্যের জন্য, 'অ্যাডভোকেটস্ ফর চিল্ড্রেনস্'-এর অনুচ্ছেদ ৫০৪-এর নির্দেশিকা দেখুন যা অনলাইনে http://advocatesforchildren.org/guides.php ওয়েবসাইটে রয়েছে। সেইসাথে, ০ থেকে ৩ বছর বয়সী একেবারে ছোট শিশু বা ছোট শিশু যাদের বৃদ্ধিগত বিলম্ব রয়েছে তারা অতি শৈশবকালীন হস্তক্ষেপ (আর্লি ইন্টারভেনশন, ইআই) কর্মসূচির পরিষেবার জন্য মূল্যায়ন লাভের যোগ্য। আরো তথ্যের জন্য, 'অ্যাডভোকেটস্ ফর চিল্ড্রেনস্'-এর অতি শৈশবকালীন

পারেন, ইংরেজি ভাষা শিক্ষার্থী সহ নিম্ন আয়ের ও সংখ্যালঘু শিশুদের অর্জনের স্তর বৃদ্ধি করার জন্য এটি একটি ফেডারেল কর্মসূচি। নিম্ন আয়ের ও সংখ্যালঘু শিশুদের শতকরা হার বেশি এমন স্কুলের জন্য টাইটেল ওয়ান বাড়তি অর্থ প্রদান করে।

টাইটেল ওয়ানের শর্ত হচ্ছে স্কুলের তহবিল কীভাবে ব্যবহার করা হবে সেই সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণে পিতামাতারা যাতে সরাসরি অংশগ্রহণ করেন। ব্যাপক সংখ্যক ক্ষেত্রে তহবিল ব্যবহার করা যেতে পারে যার মধ্যে রয়েছে স্কুল ছুটি পরবর্তী কর্মসূচি, টিউটোরিং, ও পিতামাতাদের প্রশিক্ষণ। প্রতিটি টাইটেল ওয়ান স্কুলের অবশ্যই একটি লিখিত নীতিমালা থাকতে হবে যেখানে বর্ণনা করা থাকবে যে কীভাবে পিতামাতারা টাইটেল ওয়ান-এর পরিকল্পনায় অংশগ্রহণ করতে পারেন। টাইটেল ওয়ান কর্মসূচির পরিকল্পনা ও তহবিল সম্পর্কিত বিষয়ে কীভাবে সম্পৃক্ত হতে পারেন সেই সম্পর্কে আরো তথ্যের জন্য, আপনার স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করুন।

(৫) কমিউনিটি শিক্ষা কাউন্সিল (সিইসি) সিইসি কাউন্সিলের সদস্যরা পিতামাতাদের জন্য এবং সামগ্রিকভাবে কম্যুনিটির জন্য প্রতিনিধি হিসেবে কাজ করেন। তাদের ভূমিকা হচ্ছে কম্যুনিটির শিশুদের শিক্ষা সম্পর্কে কম্যুনিটির চাহিদা ও ইচ্ছার প্রতিফলন ঘটানো। সিইসি-এর সভাগুলো জনগণের জন্য উন্মুক্ত এবং শিক্ষা ক্ষেত্রে কম্যুনিটির মতামত প্রদানের একটি সুযোগ দিয়ে থাকে।

সিইসি-তে সেবা প্রদানে আগ্রহী পিতামাতারা একটি আত্ম-মনোনয়নকারী আবেদনপত্র পূরণ করতে হবে যা ডিওই-এর ওয়েবসাইট, www.schools.nyc.gov -এ, "Offices and Programs"-এর অধীনে পাওয়া যাবে।

V. উত্তীর্ণ হওয়া ও গ্র্যাজুয়েশনের নীতিমালা

উত্তীর্ণ হওয়ার শর্তাবলি

নিউ ইয়র্ক সিটির সরকারি স্কুলগুলোতে, ৩ থেকে ১২ গ্রেডের শিক্ষার্থীদেরকে পরবর্তী গ্রেডে উত্তীর্ণ করা হয় যদি তারা তাদের গ্রেডের জন্য উত্তীর্ণের শর্তাবলি পূরণ করে।

- ***কিন্ডারগার্টেন থেকে ২য় গ্রেডে*** কোনো শিক্ষার্থীকে উত্তীর্ণ করা হবে কিনা সেই বিষয়ে স্কুল ও স্কুলের কর্মীরাই মূলতঃ সিদ্ধান্ত নিয়ে থাকে।
- ***৩য়, ৫ম ও ৭ম গ্রেডের*** শিক্ষার্থীদেরকে পাঠ ও গণিতে সিটিব্যাপী প্রমিত পরীক্ষাগুলোতে অবশ্যই উত্তীর্ণ হতে হবে। সম্ভাব্য স্কোরগুলো হচ্ছে ১, ২, ৩, বা ৪। ২ বা তারচেয়ে বেশি স্কোর একজন শিক্ষার্থীকে উত্তীর্ণ হতে সক্ষম করে।
- ***৪র্থ, ৬ষ্ঠ ও ৮ম গ্রেডে*** অনেকগুলো শর্ত রয়েছে। শুধুমাত্র একটি শর্ত পূরণে ব্যর্থতার কারণে শিক্ষার্থীদেরকে একই গ্রেডে রেখে দেয়া যাবে না। উত্তীর্ণ হওয়া নির্ভর করে নিচে উল্লিখিতগুলোর পর্যালোচনার উপর:
  - প্রমিত পরীক্ষা শিক্ষার্থীদেরকে অবশ্যই সিটিব্যাপী ও স্টেটের পরীক্ষাগুলোতে উত্তীর্ণ হতে হবে।
  - শিক্ষার্থীদের কাজ শিক্ষার্থীদেরকে অবশ্যই সাধারণভাবে তাদের স্কুলের কাজ, শিক্ষকদের পর্যবেক্ষণ ও গ্রেডের মাধ্যমে গ্রেড স্তরের নৈপুণ্যের মানদন্ড পূরণ করতে হবে।
  - উপস্থিতি শিক্ষার্থীরা সাধারণভাবে স্কুল বছরের কমপক্ষে ৯০% সময় স্কুলে উপস্থিত থাকবে বলে আশা করা হয়।

*৮ম গ্রেডের শিক্ষার্থীরা তাদের প্রাতিষ্ঠানিক বিষয়গুলোতেও অবশ্যই পাস করতে হবে।

- ***৯ম–১২তম গ্রেডের*** শিক্ষার্থীদের কত ক্রেডিট আছে তার উপর ভিত্তি করে প্রধানত তাদেরকে উত্তীর্ণ করা হয়। শিক্ষার্থীদের অবশ্যই থাকতে হবে: ৯ম গ্রেড থেকে উত্তীর্ণ হওয়ার জন্য ৮ ক্রেডিট, ১০ম গ্রেড থেকে উত্তীর্ণ হওয়ার জন্য ২০ ক্রেডিট এবং ১১তম গ্রেড থেকে উত্তীর্ণ হওয়ার জন্য ২৮ ক্রেডিট।

প্রতিটি গ্রেড স্তরে শিক্ষার্থীদের জন্য উত্তীর্ণের নির্দেশনা চ্যান্সেলরের প্রবিধান A-501–এ পাওয়া যাবে: http://schools.nyc.gov/Administration/ChancellorsRegulations অথবা আপনার সন্তানের গ্রেডের জন্য উত্তীর্ণ হওয়ার সুনির্দিষ্ট শর্তাবলি সম্পর্কে জানতে আপনি এএফসি–এর হেল্পলাইনে ফোন করতে পারেন।

শর্তাবলির অব্যাহতি ও সংশোধন

নিচের দুইটি দলের শিক্ষার্থীরা উত্তীর্ণের শর্তাবলি থেকে অব্যাহতি পেয়ে থাকে:
১. ইএলএল যারা ২ বছরের কম সময় ধরে যুক্তরাষ্ট্রের সরকারি স্কুলে পড়ছে।
২. বিশেষ শিক্ষার শিক্ষার্থী যাদের ব্যক্তিক শিক্ষা কর্মসূচি (ইন্ডিভিজ্যুয়ালাইড্ এডুকেশন প্রোগ্রাম, আইইপি) উল্লেখ করে যে তারা উত্তীর্ণের নীতিমালা থেকে অব্যাহতি পেয়েছে।
আইইপি শিক্ষার্থীদের জন্য উত্তীর্ণের মানদন্ড পরিবর্তন করতে পারে।
ইএলএল শিক্ষার্থীরা প্রমিত পরীক্ষার ক্ষেত্রগুলোতে উত্তীর্ণের পরিমার্জিত মাপকাঠির অধীন হবে যদি তারা ২ বছর বা তার কম সময়ের জন্য দ্বিভাষী শিক্ষা বা ইএসএল–এ ভর্তি হয়ে থাকে। শিক্ষার্থীর গ্রেড এবং তারা দ্বিভাষী শিক্ষা বা ইএসএল কিনা তার উপর ভিত্তি করে পরিমার্জিত মাপকাঠি নির্ধারিত হয়। পরিমার্জিত মাপকাঠি সম্পর্কিত আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে চ্যান্সেলরের প্রবিধান A-501 দেখুন। আপনি এই প্রবিধানটি পেতে পারেন পৃষ্ঠা ৯–এ প্রদত্ত ডিওই চ্যান্সেলরের প্রবিধানের লিংকে গমন করে অথবা আপনি 'অ্যাডভোকেটস্ ফর চিল্ড্রেন'–এও ফোন করতে পারেন।

পিতামাতা অবহিতকরণ

কোনো শিক্ষার্থী একই গ্রেডে থেকে যাওয়ার ঝুঁকিতে থাকলে তার পিতামাতাকে তিনটি ভিন্ন ভিন্ন সময়ে জানাতে হবে:
১. হেমন্তকালীন পিতামাতা–শিক্ষক বৈঠকে
২. জানুয়ারির ৩১ তারিখের মধ্যে লিখিতভাবে, এবং
৩. স্কুল বছর শেষ হওয়ার কমপক্ষে ১০ স্কুল দিবস আগে ডাকযোগে লিখিতভাবে।
পিতামাতাকে অবহিত করতে ব্যর্থতা শিশুটিকে উত্তীর্ণ করার জন্য কোনো কারণ নয়।

আপিল

৪র্থ, ৬ষ্ঠ বা ৮ম গ্রেডের শিশুদের পিতামাতারা স্কুল বছরের শেষে নোটিশ পাওয়ার ৩ স্কুল দিবসের মধ্যে প্রিন্সিপ্যালের কাছে লেখার মাধ্যমে তাদের সন্তানকে একই গ্রেডে রেখে দেয়ার সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করতে পারেন। প্রিন্সিপ্যাল অবশ্যই ৩ স্কুল দিবসের মধ্যে লিখিতভাবে জবাব দিবেন। তারপর পিতামাতা ৫ স্কুল দিবসের মধ্যে সুপারিন্টেন্ডেন্টের কাছে আপিল করতে পারেন। সুপারিন্টেন্ডেন্ট লিখিতভাবে জবাব দেয়ার জন্য ৫ স্কুল দিবস

সময় পাবেন।

গ্র্যাজুয়েশনের শর্তাবলি

হাই স্কুল থেকে গ্র্যাজুয়েট হওয়ার জন্য, শিক্ষার্থীরা অবশ্যই:
১. ৪৪ ক্রেডিট সম্পন্ন করতে হবে,
২. ৯০% উপস্থিতি অর্জন করতে হবে, এবং
৩. পাঁচটি রিজেন্টস্ পরীক্ষায় পাস করতে হবে (ইংরেজি, গণিত, বিশ্বের ইতিহাস ও ভুগোল, যুক্তরাষ্ট্রের ইতিহাস ও সরকার, এবং বিজ্ঞান)।
রিজেন্টস্ পরীক্ষাগুলোতে পাস করার জন্য প্রয়োজনীয় স্কোর নির্ভর করে শিক্ষার্থীরা কখন ৯ম গ্রেডে প্রবেশ করে তার উপর। স্থানীয় ডিপ্লোমার জন্য রিজেন্টস্ পরীক্ষার শর্তাবলি নিচে সংক্ষিপ্তাকারে বর্ণনা করা হলো:

৯ম গ্রেডে প্রবেশের বছর	রিজেন্টস্ পরীক্ষার স্কোর
২০০১–২০০৪	৫টি রিজেন্টস্–এর সবগুলোতেই ৫৫ বা তারচেয়ে বেশি
২০০৫	৫টি রিজেন্টস্–এর মধ্যে ২টিতে ৬৫ বা তারচেয়ে বেশি, এবং বাকিগুলোতে ৫৫ বা তারচেয়ে বেশি স্কোর
২০০৬	৫টি রিজেন্টস্–এর মধ্যে ৩টিতে ৬৫ বা তারচেয়ে বেশি, এবং বাকিগুলোতে ৫৫ বা তারচেয়ে বেশি স্কোর
২০০৭	৫টি রিজেন্টস্–এর মধ্যে ৪টিতে ৬৫ বা তারচেয়ে বেশি, এবং একটিতে ৫৫ বা তারচেয়ে বেশি স্কোর
২০০৮	৫টি রিজেন্টস–এর সবগুলোতে ৬৫ বা তারচেয়ে বেশি স্কোর

যে সব ইএলএল শিক্ষার্থী যুক্তরাষ্ট্রে ৩ বছরের কম সময় ধরে অবস্থান করছে তারা তাদের মাতৃভাষায় রিজেন্টস্ পরীক্ষাগুলোতে অবতীর্ণ হতে পারে, যদি থাকে, কিন্তু সকল ইএলএল শিক্ষার্থীকে অবশ্যই ইংরেজি রিজেন্টস্ পরীক্ষায় ইংরেজিতে উত্তীর্ণ হতে হবে। অন্য রিজেন্টস্ পরীক্ষাগুলো দেয়া যায় স্প্যানিশ, চীনা, রুশ, হেশিয়ান ক্রেওল, ও কোরিয়ান ভাষায়।

VI. শিক্ষার্থীদের সাময়িক বহিষ্কার

শিক্ষার্থীদেরকে স্কুল থেকে সাময়িকভাবে বহিষ্কার করা হতে পারে যদি তাদেরকে নিজেদের বা অন্যদের প্রতি বিপজ্জনক হিসেবে দেখা যায়। সাময়িক বহিষ্কারকে কখনোই শাস্তি হিসেবে ব্যবহার করা যাবে না। শিক্ষার্থীদের আচরণের নিয়ম–কানুনগুলো ***শৃঙ্খলা ও অনুশাসন ব্যবস্থার সিটিব্যাপী মানদন্ড (শৃঙ্খলা বিধি)*** শীর্ষক ডিওই–এর পুস্তিকায় বর্ণনা করা হয়েছে। স্কুল সাময়িক বহিষ্কারের প্রয়োজনীয় প্রক্রিয়াগুলো অনুসরণ না করলে কোনো শিক্ষার্থীকে স্কুল থেকে বহিষ্কার করা যাবে না। (চ্যান্সেলরের প্রবিধান A-443 দেখুন)। তদুপরি, সাময়িক বহিষ্কারের কারণে শিক্ষার্থীদেরকে অনৈচ্ছিকভাবে বদলি করা যাবে না। (চ্যান্সেলরের প্রবিধান A-450 দেখুন)। প্রতিবন্ধী শিক্ষার্থীরা প্রতিবন্ধী শিক্ষা উন্নয়ন বিধি (আইডিয়া)–এর অধীনে আরো বেশি যথাযথ প্রক্রিয়ার সুরক্ষা পেয়ে থাকে। কোনো পিতামাতার প্রতিবন্ধী সন্তানকে সাময়িকভাবে বহিষ্কার করা হলে তিনি এএফসি হেল্পলাইনে ফোন করা উচিত।

দুই ধরনের সাময়িক বহিষ্কার রয়েছে: প্রিন্সিপ্যালের সাময়িক বহিষ্কার এবং সুপারিন্টেন্ডেন্টের সাময়িক বহিষ্কার। প্রিন্সিপ্যালের সাময়িক বহিষ্কার একটানা ৫ স্কুল দিবসের বেশি সময়